

ডেস্ক রিপোর্ট | লাইফস্টাইল | 30 May, 2025

প্রশ্ন: আমি কিশোরী, বয়স ১৮ বছর হতে চলেছে। কিন্তু দিন দিন আমার কথা বলার জটিলতা বেড়েই চলেছে। অষ্টম শ্রেণি থেকে সমস্যাটা শুরু হয়। সমস্যা বলতে আমি যা বলতে চাই, সেটা ঠিকভাবে প্রকাশ করতে পারি না। অনিচ্ছাকৃতভাবে অন্য কিছু বলে ফেলি। কখনো মাঝপথে কথা আটকে যায়, আবার কখনো হঠাৎ মুখ থেকে এমন কিছু বেরিয়ে যায়, যা আমি বলতে চাইনি। এতে অনেক সময় অন্যরা কষ্ট পায় বা রাগ করে। সব সময় ঠিকভাবে কথা বলা হয়ে ওঠে না। ব্যাপারটা নিয়ে সত্যিই আমি চিন্তিত। আপনারা যদি একটু পরামর্শ দিতেন।

নাম প্রকাশে অনিচ্ছুক, ঢাকা

পরামর্শ: ছোটবেলা থেকে এ ধরনের কোনো সমস্যা না থাকলে ধারণা করছি, আপনি বর্তমানে মানসিক চাপ বা স্ট্রেস ডিসঅর্ডারে ভুগছেন। যার কারণে এখন আপনার এই সমস্যা হচ্ছে। তীব্র মানসিক আঘাত পেলে এ ধরনের সমস্যা হতে পারে। আবার স্নায়বিক কোনো রোগ, যেমন: পারকিনসনস ডিজিজ, মস্তিষ্কে নির্দিষ্ট নিউরোট্রান্সমিটার (সেরোটোনিন, ডোপামিন বা হরমোন) ভারসাম্যহীনতা প্রভৃতি কারণেও কথা বলার ক্ষেত্রে এমন সমস্যা দেখা দিতে পারে। এ ক্ষেত্রে আপনার উচিত হবে যত দ্রুত সম্ভব একজন স্নায়ুরোগ বিশেষজ্ঞের শরণাপন্ন হওয়া। চিকিৎসকের পরামর্শে কিছু পরীক্ষা-নিরীক্ষা করে সমস্যাটির প্রকৃত কারণ নির্ণয় করতে হবে। এরপর সে অনুযায়ী যথাযথ চিকিৎসা গ্রহণ করুন। চিকিৎসকের নির্দেশনায় নির্দিষ্ট কিছু ওষুধ সেবন করলেও এ অবস্থা থেকে মুক্তি পাওয়া যেতে পারে।

স্বাস্থ্য সুরক্ষা | চিকিৎসা | পাঠকের সমাধান